

৩২

ফায়ন

স্কাউটিংয়ের শতবর্ষ উপলক্ষে আজ চট্টগ্রাম থেকে জাম্বোরি অন'দি ট্রেন যাত্রা শুরু করবে

বিশ্বব্যাপী স্কাউট আন্দোলন ১৯০৭ সালে শুরু হয়ে চলতি বছর শতবর্ষপূর্ণ করতে যাচ্ছে। শতবর্ষকে বরণ করতে বিশ্ব স্কাউট সংস্থার পৃথিবীর অন্যান্য জাতীয় স্কাউট সংস্থার স্বেচ্ছা বাংলাদেশ স্কাউটসও নানা কর্মসূচি গ্রহণ করেছে। এর মধ্যে জাম্বোরি অন'দি ট্রেন অন্যতম বিশেষ কর্মসূচি। আজ থেকে আগামী ২ জুলাই পর্যন্ত চট্টগ্রাম থেকে শুরু করে দিনাজপুর পর্যন্ত দীর্ঘ ৮০০ কিলোমিটার পথ ট্রেনে ভ্রমণের মাধ্যমে এ জাম্বোরি বাস্তবায়ন করা হবে। ট্রেন জাম্বোরিতে আনন্দদায়ক ও শিক্ষামূলক প্রোগ্রাম রাখা হয়েছে। যার মাধ্যমে স্কাউটরা রেল ভ্রমণের পাশাপাশি বিভিন্ন বিষয়ে হাতে-কলমে জ্ঞান অর্জন করতে পারবে।

আজ বুধসপ্তাহের সকাল ৮টায় চট্টগ্রাম রেলওয়ে স্টেশন থেকে জাম্বোরি অন'দি

ট্রেন যাত্রা শুরু করে লাকসাম, আবাউড়া, ঢাকা, টঙ্গী, গাজীপুর, যমুনা ব্রিজ, ইশ্বরদী, সাফাহার, পার্বতীপুর ও জয়পুরহাট হয়ে দিনাজপুর গিয়ে শেষ হবে। এ জাম্বোরিতে বাংলাদেশ স্কাউটদের আওতাধীন ১১টি অঞ্চলের প্রায় তিন হাজার স্কাউট ও স্কাউটার এবং কর্মকর্তা অংশগ্রহণ করবেন। এছাড়াও জাম্বোরি অন'দি ট্রেন কর্মসূচিটি সফল ও আরো দৃশ্যমান এবং অংশগ্রহণমূলক করার লক্ষ্যে চট্টগ্রাম থেকে দিনাজপুর পর্যন্ত ৮০০ কিলোমিটার রেলপথের অন্তর্গত সব স্টেশন ও লেভেল জুড়িয়ে স্থানীয় কব স্কাউট, স্কাউট ও রোডার স্কাউটদের দাড়িয়ে স্থাগত জানানোর কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গতকাল স্কাউটের জাতীয় সদর দফতরে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তি।